বিএনপি কার্যালয়ে নেতাকর্মীদের ওপর আ. লীগের হামলা, আহত ৫



ছবি: প্রতীকি

খাগড়াছড়ির মানিকছড়িতে বিএনপির দলীয় কার্যালয়ের সামনে দলটির নেতাকর্মীদের ওপর হামলার অভিযোগ উঠেছে আওয়ামী লীগের নেতাকর্মীদের বিরুদ্ধে। শুক্রবার সন্ধ্যায় উপজেলার সাপমারা এলাকায় এ হামলায় বিএনপির পাঁচ নেতাকর্মী আহত হয়েছেন। তাঁদের মধ্যে তিনজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছে উপজেলা বিএনপি।

শুক্রবার (৬ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে এ ঘটনা ঘটে। ৭ নভেম্বর উপলক্ষে বিএনপির দলীয় কার্যালয়ে প্রস্তুতি সভা চলার সময় হামলার ঘটনা ঘটে। পরে এর প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেন স্থানীয় বিএনপির নেতাকর্মীরা।

স্থানীয় সূত্রে জানা গেছে, প্রস্তুতি সভা চলাকালে কার্যালয়ের পাশের একটি দোকানে মানিকছড়ি উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান মো. জয়নাল আবেদীনের ছোট ভাই মো. আমির হোসেনকে (৪০) দেখতে পান বিএনপির কয়েকজন নেতাকর্মী। পরে তাঁকে আটক করে দলীয় কার্যালয়ে নিয়ে যাওয়া হয়।

এ খবর ছড়িয়ে পড়লে আওয়ামী লীগের নেতাকর্মীরা দলীয় কার্যালয়ের সামনে জড়ো হন। একপর্যায়ে তাঁরা দেশীয় অস্ত্র, দা ও লাঠিসোঁটা নিয়ে বিএনপির নেতাকর্মীদের ওপর হামলা চালান বলে অভিযোগ উঠেছে। এ সময় হামলাকারীরা আমির হোসেনকে ছাড়িয়ে নিয়ে যান। এতে বিএনপির পাঁচ নেতাকর্মী আহত হন।

পরে স্থানীয় লোকজন ও দলীয় নেতাকর্মীরা আহতদের উদ্ধার করে মানিকছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর গুরুতর অবস্থায় তিনজনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

আহতদের মধ্যে চারজনের পরিচয় জানা গেছে। তাঁরা হলেন শফিকুল ইসলাম সুজন (৩০), মো. শাহাদাত হোসেন (২০), মো. সাদ্দাম হোসেন (২৮) ও মো. ফারুক হোসেন (৩০)। উপজেলা বিএনপির সভাপতি মো. হাবিবুর রহমান জানান, আহতদের মধ্যে স্বেচ্ছাসেবক দলের নেতা শফিকুল ইসলাম সুজনের অবস্থা গুরুতর।

হাবিবুর রহমান বলেন, ৭ নভেম্বরের কর্মসূচি উপলক্ষে প্রস্তুতি সভা চলছিল। এ সময় কয়েকজন নেতাকর্মী আমির হোসেনকে আটক করে কার্যালয়ে নিয়ে আসেন। পরে আওয়ামী লীগের নেতাকর্মীরা দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে কার্যালয়ে হামলা চালিয়ে তাঁকে ছাড়িয়ে নেন। এতে তাঁদের পাঁচজন নেতাকর্মী আহত হয়েছেন। তাঁদের মধ্যে তিনজন চট্টগ্রামে চিকিৎসাধীন। ঘটনার পর পুলিশ এলাকায় তল্লাশি চালালেও কাউকে আটক করতে পারেনি। এ ঘটনায় থানায় মামলা করা হবে।

খাগড়াছড়ি জেলা বিএনপির সাধারণ সম্পাদক এম এন আবছারও হামলার জন্য আওয়ামী লীগের নেতাকর্মীদের দায়ী করেছেন। তাঁর অভিযোগ, সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি জয়নাল চেয়ারম্যানের ছোট ভাই আমির হোসেনের নেতৃত্বে হামলাকারীরা আগে থেকেই ওত পেতে ছিলেন। পরে তাঁরা বিএনপির নেতাকর্মীদের ওপর হামলা চালান। আহত ব্যক্তিরা বর্তমানে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।

এ বিষয়ে মানিকছড়ি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রাশেদ চৌধুরী বলেন, শুক্রবারের মারামারির ঘটনায় আহত ব্যক্তিদের চট্টগ্রামে পাঠানো হয়েছে। এখনো থানায় কোনো অভিযোগ পাওয়া যায়নি। তবে এলাকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।